বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

আশ্বিন ০৩, ১৪২৪
এফই সার্কুলার নং ৩৫ তারিখ ঃ -------------------
সেপ্টেম্বর ১৮, ২০১৭

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়গণ,

**রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক এর**
**পরিবর্তে বিকল্প নগদ সহায়তা পরিশোধের সংশোধিত পদ্ধতি।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ০৯, তারিখ মার্চ ০৫, ২০০১ এর সাথে সংযোজিত আবেদন ফরম 'খ' এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, রপ্তানিমুখী কম্পোজিট তৈরী পোশাক উৎপাদনকারী-রপ্তানিকারক প্রতিষ্ঠান অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের মাধ্যমে বিটিএমএ এর সদস্য মিল হতে সংগ্রহকৃত সুতা দ্বারা অন্য প্রতিষ্ঠানের মাধ্যমে উৎপাাদিত বস্ত্র হতে প্রস্তুতকৃত তৈরী পোশাক রপ্তানির বিপরীতে সংশ্লিষ্ট প্রাপক পক্ষ নগদ সহায়তা প্রাপ্য হবেন। এতদ্‌প্রেক্ষিতে আবেদন ফরম 'খ'-তে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে। এ সিদ্ধান্ত ডিসেম্বর ২৯, ২০১৬ তারিখ হতে জাহাজীকৃত পণ্যের রপ্তানির বিপরীতে নগদ সহায়তার আবেদনের (সংশোধিত ফরম 'খ' মোতাবেক) ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে যে সকল ক্ষেত্রে ইতোমধ্যে আবেদনপত্র দাখিলের নির্ধারিত ১৮০ দিনের সময়সীমা অতিক্রান্ত হয়েছে, সে সকল ক্ষেত্রে এ সার্কুলার জারীর ৪৫ দিনের মধ্যে আবেদন দাখিল করা যাবে।

০৩। বস্ত্রখাতে নগদ সহায়তা পরিশোধের বিষয়ে জারিকৃত সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য অপারপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩১৯

দেশীয় সুতা দ্বারা উৎপাদিত বস্ত্র দ্বারা প্রস্তুতকৃত তৈরী পোশাক রপ্তানির বিপরীতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তার জন্য রপ্তানিমুখী কম্পোজিট তৈরী পোশাক ইউনিটের আবেদনপত্র।

(ক) আবেদনকারী কম্পোজিট ইউনিটের নাম ও ঠিকানা ঃ.........................................................................................
রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) নম্বর ঃ ................................................................................................

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র এর নম্বর, তারিখ ও মূল্য ঃ ..............................................................................
(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে)

(গ) রপ্তানিকৃত তৈরী পোষাক উৎপাদনে ব্যবহৃত উপকরণাদির সংগ্রহ সূত্র ঃ

| উপকরণের নাম ও পরিমাণ | স্থানীয় সংগ্রহের ক্ষেত্রে সরবরাহকারীর নাম, অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্র নম্বর, তারিখ ও মূল্য | বিদেশ হতে আমদানির ক্ষেত্রে ব্যাক টু ব্যাক আমদানি ঋণপত্র নম্বর, তারিখ ও মূল্য | বিকল্প নগদ সহায়তার প্রাপকপক্ষের নাম ও ঠিকানা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(২ ও ৩ নং কলামের ঋণপত্রের পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে। অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রে বিকল্প নগদ সহায়তার প্রাপকপক্ষের নাম ও ঠিকানা সুস্পষ্ট উল্লেখ থাকতে হবে। ২ নং কলামে উল্লিখিত সুতা বিটিএমএ এর সদস্য মিল থেকে অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের বিপরীতে সংগ্রহের সমর্থনে বিটিএমএ এর নির্ধারিত ফরমে মিল ও বিটিএমএ কর্তৃপক্ষের স্বাক্ষর সম্বলিত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। এই সুতা উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর শুল্ক বন্ড সুবিধা গ্রহণ করা হয়নি এবং ডিউটি ড্র ব্যাক বা বিকল্প নগদ সহায়তার আবেদন করা হয়নি বা হবে না মর্মে সুতা সরবরাহকারীর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।)

(ঘ) বিটিএমএ এর সদস্য মিল হতে অভ্যন্তরীন ব্যাক টু ব্যাক ঋণপত্রের আওতায় সংগ্রহকৃত সুতা দ্বারা অন্য প্রতিষ্ঠানের মাধ্যমে বস্ত্র উৎপাদন সংশ্লিষ্ট তথ্য ঃ

| বস্ত্র উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | উৎপাদিত বস্ত্রের পরিমাণ | বস্ত্র উৎপাদন ব্যয় | উৎপাদন ব্যয় পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(৩ নং কলামে উল্লিখিত বস্ত্র উৎপাদন ব্যয় সংশ্লিষ্ট কাগজপত্রাদি দাখিল করতে হবে।)

(ঙ) চুড়ান্ত রপ্তানি চালানের বিবরণ ঃ

| পণ্যের বর্ণনা | পরিমাণ | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | জাহাজীকরণের তারিখ | ইএক্সপি নম্বর | বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানিমূল্য ও প্রত্যাবাসনের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

(রপ্তানি ইনভয়েস, বিল অব লেডিং/এয়ারওয়ে বিল এর পাঠযোগ্য সত্যায়িত কপি এবং মূল রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি) আবেদনের সাথে দাখিল করতে হবে।)

(চ) বিকল্প নগদ সহায়তার আবেদনকৃত অংক ঃ

| রপ্তানি ঋণপত্রের/চুক্তিপত্রের বিপরীতে ব্যবহৃত দেশীয় সুতা দ্বারা উৎপাদিত বস্ত্রের মূল্য | ১ নং কলামে উল্লিখিত বস্ত্র মূল্যের উপর প্রযোজ্য হারে নগদ সহায়তার অংক |
|---|---|
| ১ | ২ |

এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, উপরে ঘোষিত সূত্র হতে সংগৃহীত বাংলাদেশে উৎপাদিত সুতা দ্বারা প্রস্তুতকৃত বস্ত্র ব্যবহারের মাধ্যমে তৈরী পোশাক রপ্তানির বিপরীতে বিকল্প নগদ সহায়তার আবেদন করা হচ্ছে। এই উৎপাদনে ব্যবহৃত উপকরণাদির জন্য আমরা শুল্ক বন্ড সুবিধা গ্রহণ করিনি এবং ডিউটি ড্র-ব্যাক সুবিধার জন্যও আবেদন করিনি এবং করব না। আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদি/ঘোষণা পরবর্তীতে ভুল/অসত্য পাওয়ার ক্ষেত্রে প্রদত্ত নগদ সহায়তার সমুদয় বা অংশবিশেষ আমাদের নিকট হতে/আমাদের হিসাব হতে আদায় করা যাবে।

তারিখঃ .................

..............................................
আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবী

ফরম 'খ'
(পৃষ্ঠা-২)

(বিকল্প নগদ সহায়তা পরিশোধ নিষ্পত্তি সম্পাদনকারী ব্যাংক শাখা কর্তৃক ব্যবহার্য অংশ)

(ছ) বিকল্প নগদ সহায়তার পরিশোধ্য অংক হিসাবায়ন ঃ

| রপ্তানি পণ্যের বর্ণনা | রপ্তানি পণ্যের জন্য অভ্যন্তরীণ মূল্যসংযোজনের ন্যূনতম শতকরা হার * | মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | সিএন্ডএফ রপ্তানির ক্ষেত্রে জাহাজ ভাড়ার অংক | রপ্তানি মূল্য হতে বিদেশে পরিশোধ্য কমিশন ইত্যাদি | নীট এফওবি রপ্তানিমূল্য {(৩)-(৪+৫)} | রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত উপকরণাদির সিএন্ডএফ মূল্য (গ অনুচ্ছেদের ৩ নং কলাম মোতাবেক) | আমদানিকৃত উপকরণাদি সদ্ব্যবহার বাবদ প্রয়োজনীয় রপ্তানি আয়ের অংক<br>১০০<br>= (৭) x -------<br>১০০-(২) | রপ্তানি আয়ের মধ্যে দেশীয় বস্ত্র ব্যবহারের বিপরীত অর্জিত হিসেবে গণ্য অংশ (৬)-(৮) |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |

( * আমদানি নীতি আদেশের সংশ্লিষ্ট অনুচ্ছেদ/ ঐ অনুচ্ছেদে উল্লিখিত অন্য তথ্যসূত্র হতে এই হার উল্লেখ করতে হবে)

| (৯) নং কলামে উল্লিখিত রপ্তানি আয়ের জন্য দেশীয় বস্ত্র ব্যবহারে সর্বোচ্চ গ্রহণযোগ্য মূল্য<br>১০০-(২)<br>= --------- x (৯)<br>১০০ | দেশীয় অন্য উৎপাদনকারী হতে সংগৃহীত বস্ত্রের গ(২) অনুচ্ছেদে উল্লিখিত মূল্য (থাকলে) | আবেদনকারী কর্তৃক দেশীয় সুতা হতে উৎপাদিত বস্ত্র ব্যবহারের সর্বোচ্চ গ্রহণযোগ্য মূল্য (১০)-(১১) | দেশীয় সুতা হতে উৎপাদিত বস্ত্র ব্যবহারের আবেদনকারী প্রদর্শিত (চ অনুচ্ছেদে) মূল্য | পরিশোধযোগ্য নগদ সহায়তার টাকা অংক ঃ (১০), (১২) ও (১৩) নং কলামের মধ্যে যেটি কম তার (প্রযোজ্য হার) x রপ্তানিমূল্য প্রত্যাবাসন তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় হার |
|---|---|---|---|---|
| (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) |

আবেদনপত্রের সাথে দাখিলের জন্য নির্দেশিত সকল কাগজপত্র এবং আবেদনপত্রে পরিবেশিত তথ্যাদি সঠিক পেয়ে টাকা ................................. পরিশোধের অনুমোদন প্রদান করা হলো।

পরিশোধিত নগদ সহায়তার অংক টাকা ঃ .........................................
পরিশোধের তারিখ ঃ ......................

.........................................................
পরিশোধ অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও পদবী